তারিখ ... 19 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

সংবাদ

# বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের পথে সিলেট ওসমানী হাসপাতাল

**প্রতিনিধি, সিলেট**

বিশ্ববিদ্যালয়ে উন্নীত হওয়ার পথে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ। প্রধানমন্ত্রীর আশ্বাসের পর অর্থমন্ত্রীর তৎপরতায় শিগগিরই বিশ্ববিদ্যালয়ে উন্নীত হতে পারে কলেজটি। দেশের অন্যতম সেরা চিকিৎসা বিজ্ঞানবিষয়ক শিক্ষাপ্রতিষ্ঠান সিলেট ওসমানী মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের জন্য দীর্ঘদিন ধরে দাবি জানিয়েছেন সিলেটবাসী। এ শিক্ষাপ্রতিষ্ঠানকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের ব্যাপারে একাধিকবার আশ্বাসও দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সর্বশেষ সিলেট সফরে এসে আলীয় মাদ্রাসা মাঠের জনসভায় প্রধানমন্ত্রী ওসামানী মেডিকেল কলেজকে বিশ্ববির্দ্যালয়ে উন্নীত করা হবে বলে সিলেটবাসীকে ধৈর্য্য ধরার জন্য বলেন। অবশেষে সিলেটবাসীর সেই আশা পূরণ হতে চলেছে।

ওসমানী মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. মোর্শেদ আহমদ চৌধুরী বলেন, ওসমানী মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার জন্য অর্থমন্ত্রীর নির্দেশে জমি খোঁজা হয়েছে। নগরীর শাহী ঈদগাহে জমি বরাদ্দ দিতে অর্থমন্ত্রী জেলা প্রশাসককে চিঠি দিয়েছেন। ১৯৪৮ সালে সিলেট নগরীর চৌহাট্টায় সিলেট মেডিকেল স্কুল প্রতিষ্ঠা করা হয়। পরবর্তীতে সিলেটবাসীর দাবির প্রেক্ষিতে স্কুলটিকে কলেজে রূপান্তর করা হয়। ১৯৬২ সালে সিলেট মেডিকেল কলেজে উন্নীত করার পর ১৯৬৮-৬৯ সালে সম্প্রসারণ করা হয় কলেজ ক্যাম্পাস।

১৯৭১-৭২ সালে ক্যাম্পাসটি কাজলশাহ এলাকায় স্থানান্তর করা হয়। ১৯৮৬ সালে মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক মুহাম্মাদ আতাউল গণি ওসমানীর নামানুসারে কলেজটির নামকরণ করা হয় 'সিলেট এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজ'।